

জাতীয়

ঠাকুরগাঁওয়ে বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন রাষ্ট্রপতি

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৮ সেপ্টেম্বর ২০২৬, ১০:৩৮ AM



ঠাকুরগাঁওয়ে দীর্ঘদিনের প্রত্যাশিত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। সোমবার (৭ সেপ্টেম্বর) বেলা ১১টা ২০ মিনিটে সদর উপজেলার জামালপুর এলাকায় বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

ঠাকুরগাঁও-পীরগঞ্জ সড়কের পাশে বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। এর ফলে ঠাকুরগাঁওসহ আশপাশের জেলার শিক্ষার্থীদের উচ্চশিক্ষার সুযোগ বাড়বে বলে আশা করা হচ্ছে।

রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব নেওয়ার পর নিজ জেলা ঠাকুরগাঁওয়ে এটিই মির্জা ফখরুল ইসলাম আলমগীরের প্রথম আনুষ্ঠানিক সফর। দুই দিনের সফরের দ্বিতীয় দিনে তিনি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

এর আগে রোববার হেলিকপ্টারে ঠাকুরগাঁওয়ে পৌঁছান রাষ্ট্রপতি। পরে তিনি বাবা-মায়ের কবর জিয়ারত করেন।

এরপর নাগরিক সংবর্ধনায় অংশ নেন তিনি। সেখানে জেলার উন্নয়ন, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং বিমানবন্দর পুনরায় চালুর উদ্যোগের কথা জানান।

তরুণদের আত্মনির্ভরশীল হওয়ার আহ্বান জানান রাষ্ট্রপতি। তিনি বলেন, রাজনৈতিক সংঘাত নয়, সংলাপ ও সমঝোতার মাধ্যমে গণতান্ত্রিক ধারাবাহিকতা বজায় রাখতে হবে।

রাষ্ট্রপতির সফর ঘিরে ঠাকুরগাঁওয়ে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। সফরকে কেন্দ্র করে নেওয়া হয়েছে কয়েক স্তরের নিরাপত্তাব্যবস্থা।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ভেঁপির ঢালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা জাতি ও মন্ত্রিত্ব জাতি পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিক্যাল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/thakurganoye-bishbbidjalyer-bhittiprstr-sthapn-krlen-rashtpti>